দৈনিক ইনকিলাব

তারিখ 17 NOV 1992
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

11

## ডিগ্রী (পাস) পরীক্ষার ফল প্রসংগে

ডিগ্রী (পাস) পরীক্ষার ফল প্রকাশ হতে প্রতিবছর সময় লাগে ৮/৯ মাস। এই ৮/৯ মাস ছাত্র-ছাত্রীরা ডিগ্রী পরীক্ষা দিয়ে বেকার বসেই কাটিয়ে দেয়। এতে করে পাঠ্যপুস্তক হতে বিদায় নিতে থাকে। যদি কোন ছাত্র-ছাত্রী ডিগ্রী পরীক্ষায় অকৃতকার্য হয় তাহলে এই ৮/৯ মাস বসে থাকার ফলে পুনরায় লেখাপড়া শুরু করে আয়ত্তে আনতে খুব কষ্ট হয়। আর তা না হলে এখানেই ইতি টানে। যেখানে কয়েক লাখ মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থীর ফলাফল প্রকাশ করতে মাত্র ৩/৪ মাস সময় লাগে, সেখানে কয়েক হাজার ডিগ্রী পরীক্ষার্থীর ফল প্রকাশ করতে ৮/৯ মাস সময় লাগে কি করে—আমার বোধগম্য নয়।

তাছাড়া দেখা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) পরীক্ষার ফলাফল প্রত্যেক গ্রুপের এক সাথে প্রকাশ করা হলেও সেখানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) পরীক্ষার ফল প্রকাশ গ্রুপওয়ারিজ করা হয়, এতে করে ছাত্র-ছাত্রীদের টেনশন বেড়ে যায়। আবার দেখা যায় ডিগ্রীর ফল প্রকাশের আগেই বিশ্ববিদ্যালয়গুলোতে ডিগ্রী (পাস) পরীক্ষার ফরম পূরণের কাজ শুরু হয়ে যায়। এতে করে যে সকল ছাত্র-ছাত্রী অকৃতকার্য হয়, তারা পুনরায় পরীক্ষার সময় পায় মাত্র ২/৩ মাস। এই সময়টুকুর মধ্যে পরীক্ষার প্রিপারেশন হয় না। ফলে ঐ ছাত্র-ছাত্রীরা অন্ধকার ভবিষ্যতের দিকে পা বাড়ায়। এই ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি।

—এস এম নিজাম উদ্দিন,
বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিঃ,
ফৌজদারহাট, চট্টগ্রাম।